



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

ভেড়ামারা সরকারি কলেজ  
Bheramara Government College  
ভেড়ামারা, কুষ্টিয়া।  
bheramara.college.gov.bd  
ফোনঃ +৮৮ ০২৪৭৭৭৮৪৯২৮

স্মারক নং: বিজিসি/বিজ্ঞপ্তি/২৬/২৫

তারিখ: ১৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

## উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৬ এর ফরমপূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

ভেড়ামারা সরকারি কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৬ এর ফরমপূরণের সুযোগ পাবে। তবে সেক্ষেত্রে অভিভাবকের অঙ্গীকারনামা ফরমের সাথে সংযুক্ত করতে হবে (অঙ্গীকারনামা কলেজের ওয়েবসাইটে “ডাউনলোড ফরম” অপশনে পাওয়া যাবে)। আগামী ৩১ মার্চ, ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে ফরমপূরণ ফি প্রদান করা যাবে।


ক। পরীক্ষার্থীদের ফরমপূরণের ফিসের পরিমাণ (পরীক্ষার্থীদের অবশ্যই ‘মন্তব্য’ কলাম ভালভাবে পড়ে ও বুঝে ফিস পেমেন্ট করতে হবে):

ক্রঃ নং	বিভাগ	পরীক্ষার্থীর ক্যাটাগরি	টাকার পরিমাণ	মন্তব্য
০১.	বিজ্ঞান বিভাগ	নিয়মিত	৩২৪৫.০০	বাংলা/ইংরেজি বিষয়ে ক্ষেত্রে ১ বিষয় হলে ১৪০ টাকা কম এবং ২বিষয় হলে ২৮০ টাকা কম পেমেন্ট করতে হবে
		অনিয়মিত/ মান উন্নয়ন	৩৪৯৫.০০	
		১ (এক) বিষয়	১৪৫৫.০০	
		২ (দুই) বিষয়	১৮৪৫.০০	
০২.	ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগ	নিয়মিত	২৮২৫.০০	নির্বাচনিক বিষয়ে ব্যবহারিক থাকলে বিষয়প্রতি ১৪০ টাকা যোগ হবে
		অনিয়মিত/ মান উন্নয়ন	৩০৭৫.০০	
		১ (এক) বিষয়	১৩১৫.০০	ব্যবহারিক থাকলে আরো ১৪০ টাকা যোগ হবে
		২ (দুই) বিষয়	১৫৬৫.০০	ব্যবহারিক থাকলে আরো ২৮০ টাকা যোগ হবে

খ. ওয়েবসাইট হতে ফরম উত্তোলনের পদ্ধতি: যে কোন ব্রাউজার হতে কলেজের নিজস্ব ওয়েবসাইট (bheramara.college.gov.bd)-এ প্রবেশ করে মেনুবারের ‘ফরম ডাউনলোড’ অপশনের ‘শিক্ষার্থীদের জন্য’ অপশন হতে ‘এইচএসসি ফরমপূরণ ফরম’-এ ক্লিক করে ফরম ডাউনলোড করতে হবে। এরপর প্রিন্ট করে যথাযথভাবে পূরণপূর্বক লাইব্রেরি কক্ষে জমা প্রদান করতে হবে।

গ. ফিস পেমেন্ট পদ্ধতি: যে কোন ব্রাউজার হতে কলেজের ওয়েবসাইট (bheramara.college.gov.bd)-এ প্রবেশ করে মেনুবারের ‘কলেজ পেমেন্ট’ → ‘উচ্চ মাধ্যমিক’ অপশন হতে → ‘ফরমপূরণ ফিস’-এ ক্লিক করলে পেমেন্ট পেজ ওপেন হবে। পরীক্ষার্থীদের ০৬ (ছয়) সংখ্যার ক্লাসরোল, ১০ (দশ) সংখ্যার রেজিস্ট্রেশন নম্বর, ফিসের পরিমাণসহ সকল তথ্য সঠিকভাবে পূরণ করে ফরমপূরণ ফিস পেমেন্ট করতে হবে। পেমেন্টের পর অবশ্যই পেমেন্ট স্লীপ প্রিন্ট করে অফিসের উচ্চ মাধ্যমিক শাখা হতে ভেরিফাই করে লাইব্রেরি কক্ষে জমা প্রদান করতে হবে।

বি: দ্র: অনিয়মিত ও ১/২ বিষয় পরীক্ষার্থীদের নিয়ামাবলী অপরিবর্তিত থাকবে।

  
প্রফেসর মোঃ আব্দুস সাত্তার  
অধ্যক্ষ, ভেড়ামারা সরকারি কলেজ  
ভেড়ামারা, কুষ্টিয়া।  
Page 1 of 1